# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

Office of
The Project Director
PMU- Cluster Project
149, Motijheel C/A. Dhaka-1000.
Tel. 02- 9566600
emall: pd. pmu. cluster @ bwdb. gov.bd

প্রকল্প পরিচালকের দপ্তর
পিএমইউ - ক্লাষ্টার প্রজেক্ট
১৪৯, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।
টেলিফোন : ০২- ৯৫৬৬৬০০
emall: pd. pmu. cluster @ bwdb. gov.bd

স্মারক নং-পাউবো/প্রঃপরিঃ/পিএমইউ-ক্লাষ্টার প্রজেক্ট/৬৩ তারিখঃ ১২/০৩/২০২০খ্রিঃ

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি (৪র্থ বার)

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের অকেজো, অচল এবং ব্যবহার অযোগ্য মেরামত অনুপযোগী এবং অপ্রয়োজনীয় আসবাবপত্র দ্রব্য-সামগ্রী ও যন্ত্রপাতি যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে এক লটে নিলামে বিক্রয়ের নিমিত্ত নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে ১৯/০৩/২০২০খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় উল্লিখিত নিলাম দরপত্র দাখিল করা যাইবে। নিলামের শর্তাবলী নিম্নে প্রদত্ত হলোঃ

১। নিলামে অংশ গ্রহনে ইচ্ছুকগণ ১৮/০৩/২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতি কর্ম দিবসে ১১.০০ ঘটিকা হতে ১৩.০০ ঘটিকা পর্যন্ত অত্র দপ্তরের উপ-সহকারী প্রকৌশলী এর সহিত যোগাযোগ করে অত্র দপ্তরে নিলামের জন্য রক্ষিত মালামালগুলি পরিদর্শন করতে এবং উক্ত মালামাল সমূহের সিডিউল সোনালী ব্যাংক ওয়াপদা কর্পোরেট শাখা হইতে গ্রহন করতে পারবেন।

২। চুড়ান্ত নিলামে অংশ গ্রহনের নিমিত্ত ১৮/০৩/২০২০ খ্রিঃ তারিখের ব্যাংকিং সময় সীমার মধ্যে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক দরপত্রের মূল্য বাবদ ৫০০/ (পাঁচশত) টাকা মাত্র (অফেরতযোগ্য) সোনালী ব্যাংক ওয়াপদা কর্পোরেট শাখায় নগদে জমা প্রদান করে নিলাম সিডিউল ক্রয় করতে হবে।

৩। নিলামে সর্বোচ্চ উদ্ধৃত দর দাতাকে (সকল শর্ত পূরন স্বাপেক্ষে) কার্যাদেশ প্রাপ্তির পর ০৭ (সাত) দিনের মধ্যে মালামাল নিজ দায়িত্বে সরিয়ে নিতে হবে। উল্লেখ্য , কার্যাদেশ প্রাপ্ত দরদাতাকে নিলাম মালামাল সরানোর আগেই নিলাম ডাকের মূল্য এবং নিলাম ডাকের মূল্যের অতিরিক্ত ৫% আয়কর ও ৭.৫০% ভ্যাট এর পৃথক পৃথক পে-অর্ডার উপ-পরিচালক, কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র,বাপাউবো, ঢাকা এর নামে পে-অর্ডার কাটতে হবে, এবং উল্লিখিত পে-অর্ডার সমূহ উপ-সহকারী প্রকৌশলী, অত্র দপ্তরের এর নিকট দাখিল করতে হবে। অন্যথায়, ডাক বাতিল পূর্বক সমুদয় জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং পরবর্তী সর্ব্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হবে অথবা পুন:নিলাম ডাকের আয়োজন করা হবে।

৪। নিলাম বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত সিডিউলে স্পষ্টক্ষরে প্রতিটি মালামালের বিপরীতে একক দর ও মোট দর অংকে এবং কথায় উল্লেখ করে সীলগালা করা খামের উপরে প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ পূর্বক ১৯/০৩/২০২০ ইং ১২.০০ ঘটিকায় পর্যন্ত সময়ে পরিচালক পিএমইউ ক্লাষ্টার প্রজেক্ট, বাপাউবো, ঢাকা ১৪৯,আনছার চেম্বার, মতিঝিল বা/এ ঢাকার দপ্তরে রক্ষিত নিদিষ্ট নিলাম দরপত্রের বাক্সে ফেলতে হবে। বিশেষ ভাবে উল্লেখ্য যে প্রতি পাতায় সীল স্বাক্ষর সঠিক ভাবে সম্পন্ন করতে হবে। প্রতিটি দরপত্রের সঠিক ভাবে পুরন করতে হবে।

উল্লেখ্য যে, ডাকযোগে নিলাম দরপত্র প্রেরন করিলে উপরে উল্লেখিত সময়ের পূর্বে অত্র দপ্তরে পৌছাইতে হইবে। উক্ত সময়ের পরে পৌছালে উক্ত দরপত্র গৃহীত হইবে না।

৫। অধিকন্ত উল্লেখ্য যে, এ সংক্রান্ত নিলাম ইতপূর্বে ১ম বার স্মারক নং ১৩৪, তারিখ: ০৫/১২/২০১৯, ২য় বার স্মারক নং ১৫৪, তারিখ: ২৪/১২/২০১৯, ৩য় বার স্মারক নং২৫ তারিখ: ২১/০১/২০২০ এর বরাতে নিলাম বিজ্ঞপ্তি জারী করা হয়েছিল।

৬। সর্বোচ্চ উদ্ধৃত দরদাতার দর গ্রহণ করতে নিম্নস্বাক্ষরকারী বাধ্য নহেন। নিম্নস্বাস্বাক্ষরকারী সকল দর কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১২/৩/২০২০

(আজিজ মোহাম্মদ চৌধুরী)
প্রকল্প পরিচালক/প্রধান প্রকৌশলী
পিএমইউ ক্লাষ্টার প্রজেক্ট
বাপাউবো, ঢাকা।

অপর পৃষ্ঠায় দ্রঃ

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

Office of
The Project Director
PMU- Cluster Project
149, Motijheel C/A. Dhaka-1000.
Tel. 02- 9566600
emall: pd. pmu. cluster @ bwdb. gov.bd

প্রকল্প পরিচালকের দপ্তর
পিএমইউ - ক্লাষ্টার প্রজেক্ট
১৪৯, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।
টেলিফোন : ০২- ৯৫৬৬৬০০
emall: pd. pmu. cluster @ bwdb. gov.bd




স্মারক নং-পাউবো/প্র:পরি:/পিএমইউ-ক্লাষ্টার প্রজেক্ট/৬৩

তারিখঃ ১২/০৩/২০২০খ্রিঃ

১। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর,বাপাউবো, ঢাকা।

২। পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর,বাপাউবো, ঢাকা।

৩। সিষ্টেম এনালিষ্ট, বাপাউবো, ঢাকা। তাঁহাকে নিলাম বিজ্ঞপ্তিটি বাপাউবোর ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হইল।

৪। উপ-পরিচালক, কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র. বাপাউবো, ঢাকা।

৫। ম্যানেজার, সোনালী ব্যাংক, বি-ওয়াপদা, করপোঁরেট শাখা, মতিঝিল। তাঁহাকে দর পত্র সিডিউল এর বিক্রত মূল্য রাজস্ব কোড নং ১৬১৯৬৩৪০৪৭৯৫৭ (সঞ্চয়ী) একাউন্ট নম্বরে কেন্দ্রীয় র‍্যাক আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা এর বরাবরে জমা করার জন্য পরামর্শ দেওয়া হইল এবং অবিক্রিত সিডিউল অত্র দপ্তরে ফেরত দেওয়ার জন্য অনুরোধ করা হলো : বিক্রয়ের জন্য ১০(দশ) সেট নিলাম দরপত্র বিজ্ঞপ্তি প্রেরন করা হল।

৬। নির্বাহী প্রকৌশলী, পিএমইউ- কাষ্টার প্রজেক্ট, বাপাউবো, ঢাকা। তাঁহাকে উক্ত নিলাম আয়োজন সফলভাবে সম্পাদনে সার্বিক দায়িত্ব প্রদান করা হলো:-

০৭। দপ্তর কপি।

১২/০৩/2020

(আজিজ মোহাম্মদ চৌধুরী)
প্রকল্প পরিচালক/প্রধান প্রকৌশলী
পিএমইউ ক্লাষ্টার প্রজেক্ট
বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং ৩৮৭
প্রোগ্রামার
সহকারী প্রোগ্রামার ১/২
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী

- তারিখঃ ২৫/৩/২০
- জরুরী
- প্রয়োজনীয় ব্যবস্থা নিন
- নথিতে পেশ করুন
- নথিতে রাখুন
- তাগিদ পত্র দিন

সিস্টেম এনালিষ্ট- ১/২
আইসিটি সেল, বাপাউবো ঢাকা